

ক্ষুদ্রায়তন মৎস্যচাষ ও মৎস্যজীবীদের স্থায়িত্বশীল উন্নয়ন সংক্রান্ত  
বিশ্ব খাদ্য ও কৃষি সংস্থা (FAO) নির্দেশিকা প্রণয়নে  
মতামত দিতে জাতীয় কর্মশালায়  
অংশগ্রহণের সুযোগ



## আগ্রহপত্র আহ্বান

বিশ্ব খাদ্য ও কৃষি সংস্থা তার সদস্য রাষ্ট্রগুলোর ক্ষুদ্রায়তন মৎস্যচাষ ও মৎস্যজীবীদের স্থায়িত্বশীল উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে একটি খসড়া নির্দেশিকা তৈরি করেছে। খসড়া এই নীতিমালার উপর এখন বিশ্বের বিভিন্ন দেশের বিভিন্ন প্রতিষ্ঠান তাদের মতামত তুলে ধরার প্রক্রিয়ায় রয়েছে। উক্ত নীতিমালার উপর মতামত সংগ্রহের জন্য কৃষি উন্নয়নের জন্য আন্তর্জাতিক তহবিল (International Fund for Agricultural Development-IFAD) -এর সহায়তায় কোস্ট ট্রাস্ট বাংলাদেশে স্থানীয় ও জাতীয় পর্যায়ে বিশেষ কয়েকটি কর্মশালার আয়োজন করতে যাচ্ছে।

দেশের ক্ষুদ্রায়তন মৎস্যচাষের প্রকৃত অবস্থা যাচাই করা এবং ক্ষুদ্র মৎস্যচাষী জনগোষ্ঠীর অবস্থা, তাদের সমস্যা এবং তাদের সেই সব সমস্যার সমাধানের উপায় বের করার জন্য দেশের পাঁচটি অঞ্চলের পাঁচটি জেলায় (ভোলা, কক্সবাজার, সুনামগঞ্জ, বগুড়া ও খুলনা) স্থানীয় আয়োজকদের মাধ্যমে প্রতিটিতে ২টি করে ফোকাসড গ্রুপ ডিসকাশন (এফজিডি) এবং জেলা পর্যায়ে ১টি করে কর্মশালার আয়োজন করা হবে।

এফজিডি ও কর্মশালার লক্ষ্য, বিষয়বস্তু ও পদ্ধতি নিয়ে প্রতিটি জেলা থেকে দুই থেকে পাঁচজন ফ্যাসিলিটেরকে ঢাকায় দুইদিনের ওরিয়েন্টেশন প্রদান করা হবে। সবশেষে জাতীয় কর্মশালাতেও প্রতি জেলা বা অঞ্চল থেকে ১০ জন করে অংশগ্রহণ করতে পারবে।

দেশের ক্ষুদ্রায়তন মৎস্যচাষ ও মৎস্যজীবীদের নিয়ে কর্মরত এনজিও, অন্য যেকোন প্রতিষ্ঠান বা ব্যক্তি এ বিষয়ে আগ্রহী হলে আমাদের সঙ্গে যোগাযোগ করতে পারেন। যাদেরকে আমরা এফজিডি, জেলা কর্মশালা ও জাতীয় কর্মশালায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে বিবেচনা করবো। আমাদের ওয়েবসাইট [www.coastbd.org](http://www.coastbd.org)- এ প্রদত্ত ফরমের মাধ্যমে আগ্রহী ব্যক্তি বা প্রতিষ্ঠান তাদের আগ্রহের কথা ইমেইলে আমাদের জানাতে পারেন। আমাদের ওয়েবসাইটে এই কর্মসূচি সংক্রান্ত সংশ্লিষ্ট সকল তথ্য পাওয়া যাবে।

যোগাযোগের শেষ তারিখ: ১৪ আগস্ট ২০১২

বিঃদ্র: FAO-এর খসড়া নির্দেশিকাটি কোস্ট ওয়েবসাইটে পাওয়া যাবে, এর বাংলা অনুবাদটি পাওয়া যাবে আগামী ২০ আগস্ট থেকে। এ বিষয়ে যে কেউ তার মতামত দিতে পারবেন।

এ সংক্রান্ত সকল যোগাযোগ:

১. মো. মজিবুল হক মনির, মোবাইল: ০১৭১৩৩৬৭৪৩৮, ইমেইল: [munir@coastbd.org](mailto:munir@coastbd.org)
১. মোস্তফা কামাল আকন্দ, মোবাইল: ০১৭১১৪৫৫৫৯১, ইমেইল: [kamal@coastbd.org](mailto:kamal@coastbd.org)

কোস্ট ট্রাস্ট | বাড়ি নং: ১৩/৩, রোড নং-২, শ্যামলী, ঢাকা-১২০৭। ফোন: ৮১৫৪৬৭৩।  
ইমেইল: [info@coastbd.org](mailto:info@coastbd.org)